শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৯.১৯-৬৯২ তারিখঃ ১৬ পৌষ ১৪২৬ / ৩১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১২০৭৭/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২০৭৭/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরুপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১২০৭৭/২০১৯ | এন.এম উকিল উদ্দিন, ইনস্ট্রাক্টকর (নন-টেক), ইংরেজি, নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট, নরসিংদীসহ অপর ২৮৫ জন। | ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয় ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ৪। মহাপরিচালক, DTE সহ মোট ০৪ জন। | শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের রাজস্ব বাজেটের পদে নিয়মিতমকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০১৪ এর বিধি ৬ অনুসারে উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হতে গণনা করে পিটিশনারগণকে উচ্চতর স্কেল/সিলেকশন গ্রেড/টাইমস্কেল প্রদানের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২০৭৭/২০১৯ দায়ের করা হয়। |

০২। উক্ত রিট মামলাটি গত ১১.১১.১৯ তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রুল শুনানি শেষে শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের রাজস্ব বাজেটের পদে নিয়মিতমকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০১৪ এর বিধি ৬ অনুসারে উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হতে গণনা করে পিটিশনারগণকে উচ্চতর স্কেল/সিলেকশন গ্রেড/টাইমস্কেল কেন প্রদান করা হবে না, সেমর্মে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার বিষয়ে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যক। -

০৩। সে মতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? না হয়ে থাকলে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলক্রমে আগামী ২০.০১.২০ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং-১২০৭৭/২০১৯ মামলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিলের আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২০.০১.২০ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিতির (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

৩১/১২/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। মাস্টার কপি/অফিস কপি।